# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪০

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০. হায়িয (ঋতুস্রাব) সংক্রান্ত - ইস্তিহাযা নারী দু’ সালাত কে একত্রিত করে আদায় করতে পারবে

আরবী

وَعَنْ حَمْنَةَ بِنْتِ جَحْشٍ قَالَتْ: كُنْتُ أُسْتَحَاضُ حَيْضَةً كَبِيرَةً شَدِيدَةً, فَأَتَيْتُ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ أَسْتَفْتِيهِ, فَقَالَ: «إِنَّمَا هِيَ رَكْضَةٌ مِنَ الشَّيْطَانِ, فَتَحَيَّضِي سِتَّةَ أَيَّامٍ, أَوْ سَبْعَةً, ثُمَّ اغْتَسِلِي, فَإِذَا اسْتَنْقَأْتِ فَصَلِّي أَرْبَعَةً وَعِشْرِينَ, أَوْ ثَلَاثَةً وَعِشْرِينَ, وَصُومِي وَصَلِّي, فَإِنَّ ذَلِكَ يُجْزِئُكَ, وَكَذَلِكَ فَافْعَلِي كَمَا تَحِيضُ النِّسَاءُ, فَإِنْ قَوِيتِ عَلَى أَنْ تُؤَخِّرِي الظُّهْرَ وَتُعَجِّلِي الْعَصْرَ, ثُمَّ تَغْتَسِلِي حِينَ تَطْهُرِينَ وَتُصَلِّينَ الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا, ثُمَّ تُؤَخِّرِينَ الْمَغْرِبَ وَتُعَجِّلِينَ الْعِشَاءِ, ثُمَّ تَغْتَسِلِينَ وَتَجْمَعِينَ بَيْنَ الصَّلَاتَيْنِ, فَافْعَلِي. وَتَغْتَسِلِينَ مَعَ الصُّبْحِ وَتُصَلِّينَ». قَالَ: «وَهُوَ أَعْجَبُ الْأَمْرَيْنِ إِلَيَّ». رَوَاهُ الْخَمْسَةُ إِلَّا النَّسَائِيَّ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَحَسَّنَهُ الْبُخَارِيُّ

حسن. رواه أبو داود (287)، والترمذي (128)، وابن ماجه (627)، وأحمد (6/ 439)

বাংলা

১৪০। হামনাহ বিনতু জাহাশ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ’আমার ’ইস্তেহাযা’ নামক ব্যাধির জন্য অত্যন্ত কঠিনরূপে রক্তস্রাব হতো। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ বিষয়ে ফতোয়ার জন্য এলাম’। তিনি বললেন, ’এটা শয়তানের আঘাত জনিত কারণেই (হচ্ছে), তুমি ছয় বা সাত দিন হায়িয পালন করবে। তারপর হায়িযের গোসল করে পবিত্র হয়ে প্রতি মাসে চব্বিশ বা তেইশ দিন নিয়মমাফিক সালাত আদায় করবে, সওম পালন করবে ও সালাত আদায় করবে, তোমার জন্য এটাই যথেষ্ট হবে। এভাবে হায়িযা মহিলার মত প্রতি মাসে করতে থাকবে। যদি তোমার পক্ষে সম্ভব হয় তাহলে যুহরকে পিছিয়ে দিয়ে এবং ’আসরকে কিছুটা এগিয়ে নিয়ে গোসল করে দু’ ওয়াক্তের সালাত একসঙ্গে আদায় করবে। অনুরূপভাবে মাগরিবকে পিছিয়ে ও ’ইশাকে

এগিয়ে নিয়ে গোসল করে উভয় সালাত আদায় করবে এবং ফজর সালাতের জন্য গোসল করে তা আদায় করবে। [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন] আমার নিকটে এটাই অধিক পছন্দ’। তিরমিযী একে সহীহ বলেছেন আর বুখারী একে হাসান বলেছেন।[1]

## English

Narrated Hamnah bint Jahsh:
'I had a very strong prolonged flow of blood. I went to the Prophet (Peace be upon him) to ask him about it. He said, "This is a strike from Satan. So observe your menses for six or seven days, then perform Ghusl until you see that you are clean. Pray for twenty-four or twenty-three nights and days and fast, and that will suffice you. Do so every month just as the other women menstruate (and are purified). But if you are strong enough to delay the Dhuhr prayer and advance the Asr prayer, then make Ghusl when your purified and combine the Dhuhr and the Asr prayers together; then delay the Maghrib prayer and advance the Isha prayer, and perform Ghusl and combine the two prayers, do so. Do so, and then wash at dawn and pray Fajr. This is how you may pray and fast if you have the ability to do so." And he said, "That is the more preferable way to me." [Reported by the five imams except An- Nasa’i, At-Tirmidhi graded it Sahih (sound)]

ফুটনোট

[1] হাসান। আবু দাউদ ২৭৮; তিরমিযী ১২৮; ইবনু মাজাহ ৬২৭-; আহমাদ ৬/৪৩৯

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🗆 বর্ণনাকারীঃ হামনা বিনতে জাহ্‌শ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন